75

দৈনিক জনকণ্ঠ

তারিখ 0 6 MAR 1998
পৃষ্ঠা ১৯ কলাম ৬

# প্রাথমিক শিক্ষকদের নতুন স্কেলে বেতন দেয়ার আহ্বান

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আবুল কামাল আজাদ প্রাথমিক শিক্ষকদের নতুন পে-স্কেল অনুযায়ী বেতন দেবার জন্য সরকারের কাছে আবেদন জানিয়েছেন। তিনি অভিযোগ করেন যে, ঢাকা মহানগরীর প্রাথমিক শিক্ষকদের সমন্বয় বদলীর নামে হয়রানি করা হচ্ছে।

শিক্ষক সমিতির মতিঝিল ও রমনা থানার কর্মিসভায় প্রধান অতিথির বক্তৃতায় অধ্যাপক আজাদ বৃহস্পতিবার এ অভিযোগ করেন। সভায় সভাপতিত্ব করেন সমিতির ঢাকা মহানগর শাখার সভাপতি আফতাব আহমদ। বক্তৃতা করেন ফজলুল হক, সেলিনা বেগম, শামসুল আলম, আফম তোহা, ফেরদৌসী বেগম প্রমুখ।

বক্তারা প্রাথমিক শিক্ষকদের বকেয়াসহ সকল পাওনা পরিশোধ, বার্ষিক ইনক্রিমেন্ট ও টাইমস্কেল প্রদানের দাবি জানান।—বিজ্ঞপ্তি।